সোনা দানা দুধের বাটি। দুয়ো মেগের ওঁচলা মাটি। « Gold and jewels and nice food (for the beloved co-wife), but the neglected one gets only dirty earth ».

(C) **Ridicules on the son-in-law resididing with his wife's parents :**

আগে জামাই কাঁঠাল খান না। শেষে জামাই ভুতিও পান না ॥ « At first the son-in-law would not eat jack-fruit, but at last he does not get even the rinds ».

বাইরের জামাই মধুসূদন, ঘরের জামাই মোধো।
ভাত খাওসে মধুসূদন, ভাত খেসেরে মোধো ॥

« The son-in-law from outside is Mr. Madhusudan, and the son-in-law at home (of the girl's parents) is merely Modho (a familiar and vulgar abbreviation of Madhusudan) ; (when announcing that dinner is ready, the former is accosted), 'Please come and take your dinner, Mr. M.;' (but the latter is addressed), 'Come and

eat thy fill, you Modho.' » *Cf.* Hindi : *bhassakkaṛ ke damād ko bhāt hi miṭhāī* « Rice is a sweetmeat to the son-in-law of a glutton » .

যাচ্‌লে জামাই খান না ; শেষে আমানিও পান না ॥ « The son-in-law refuses to take his meal when requested ; at length he does not get even stale rice gruel » . *Cf.* আগে জামাই কাঁঠাল খান না etc., *supra.*

যাচ্‌লে জামাই না খান পিঠে । না যাচ্‌লে মরেন ঢেঁকশাল চেটে' ॥ « If asked to dinner the son-in-law would not touch even cakes : when asked he would be licking the floor of the husking shed » .

যা' ছিল আমানি পান্তা মায়ে ঝিয়ে খেলুম ।
ঘরজামাই রামের তরে ধান শুকোতে দিলুম ।

« Whatever stale rice and gruel was left overnight, we, the mother and the daughter, have taken it, and for Rām, the son-in-law living witk us we are now sunning paddy » .

(D) **Regarding partiality for wife and her people :**

আজ্‌কের মাগ তুমি, রেঁধো না রেঁধো না ।
চা'ল চিবিয়ে খাব আমি, ভে'বো না ভে'বো না

« You are my newly-wed wife, do you not go to the kitchen ; you need not worry for me, for I shall chew raw rice » .

আপনি থাক্‌তে নেই ঠাঁই বউয়ের সঙ্গে সাতটা ধাই ॥

« He has not a roof to rest under, while his wife has seven attendants » .

আপনার বোন খেতে পায় না, শালীর তরে মোণ্ডা « His own sister lacks bread, while he sends sweetmeat to his sister-in-law » .

কলির কথা কই গো দিদি কলির কথা কই ।
গিন্নির পাতে টক আমানি বউয়ের পাতে দই ।

« I speak of the modern days, sister mine : to wit, the mistress of the house is served stale rice gruel while the daughter-in-law eats curds ». *Cf.* নিজের বোন খেতে পায় না, শালীর তরে মোণ্ডা, see *supra*.

মায়ের পেটে ভাত নেইকো, বউয়ের চন্দ্রহার « The mother is not fed while the wife is presented with a jewelled girdle ».

মাযে বিয়োলে মাগে পেলে, কার ধন কার « The mother bore (him), but the wife took possession (of him) : lo ! somebody's treasures panes on another ».

মায়ের গলায় দিয়ে দড়ি। বউকে পরায় ঢাকাই শাড়ী ॥

« (He) treats his mother as cattle while he dresses his wife in fine muslin ».

মায়ের পুত নয়, শাশুড়ীর জামাই « He is no son of his mother, but the son-in-law of his mother-in-law ».

সৎমা'র ভালবাসা পান্তা ভাতে ঘি।
মাথাটি মুড়ায়ে এস, তেল জল দি ॥

« The step-mother's affection is like pouring ghee in stale rice ; she says, 'Shave your head clean and come, let me anoint it with oil and pour water' ».

(E) Mother's superiority over all others :

অনেক দুর্ভাগ্য যার ঘরে নেই মা।
অনেক দুর্ভাগ্য যার নেই অন্ন ছাঁ ॥

« It is the greatest misfortune for one not to have mother at home, as well as food and a roof ».

এ মা, ও মাসী। তবে কেন উপবাসী ॥

« Here is the mother, and there is her sister (you say) : why do you then go without food ? ».

কিসের মাসী কিসের পিসী কিসের বৃন্দাবন।
পথ পানে চেয়ে দেখ মা বড় ধন ॥
(মরা গাছে ফুল ফুটেছে মা বড় ধন ॥)

« What if mother's sister ? What if father's sister ?... Look along the way (*or* the dead plant has put on blossoms), mother is the greatest blessing ».

চিঁড়ে বল, মুড়ি বল, ভাতের সমান নয়।
পিসী বল মাসী বল মায়ের সমান নয়॥

« You may count the different delicacies prepared from rice, but there is nothing like rice : you may talk of the mother's sisters or the father's, but none like the mother ».

পিসী বল মাসী বল, মায়ের বাড়া নেই।
পিঠে বল পিঠে বল, ভাতের বাড়া নেই॥

« You may talk of your parent's sisters but nobody excels the mother: you may talk of cakes and sweetmeats, but nothing supersedes boiled riee ».

মা চায় আঁতে পানে। মাগ চায় আঁচল পানে॥

« The mother is solicitous for the health, but the wife is interested in the purse ».

মায়ের দয়া নেই, মাসীর দয়া। « No pity in the mother, but pity in the aunt ».

মায়ের চেয়ে দরদী বড় (*or* ভালোবাসে) তাকে বলে ডা'ন « She who is more compassionate than the mother is but a witch ».

হাটে মাঠে ঘুরে এলুম, ঘাটে নেই না।
রণে বনে ফিরে এলুম, ঘরে নেই মা॥

« I have walked through hills and dales, but there is no boat in the ferry : I have come back from battles and woods, but no mother waits (for me) at home ».

(F) **Regarding worthless husband :**

অবুঝকে বোঝাব কত, বোঝ নাহি মানে।
ঢেঁকিকে বোঝাব কত, নিত্য ধান ভানে॥

« How long should I explain a thing to one who

would not understand : how long should I expostulate with the husking machine? It would go on husking paddy for ever ».

উপোসের কেউ নয়, পারণার গোসাঁই « He is no game for ceremonial fasting, but plays the religious father when breaking the fast ».

একাদশীর কেউ নয়, পারণার গোসাঁই, see *supra.*

এত ক'রে করি ঘর তবু মিন্‌সে বাসে পর « I run the household at so much pains, still my man treats me distantly ».

ওরে আমার তুমি। তোমার জন্যে চা'ল ভিজিয়ে চিবিয়ে মরি আমি ॥
« O you mine, I am sick of chewing soaked rice for you ».

কাজে কুঁড়ে খেতে দেড়ে। বচনে মারে পুড়িয়ে পুড়িয়ে ॥
« He is idle at work, but eats for two, while he burns me alive with his complaints ».

কুঁড়ে ভাতারের পাটকেল শিতান « A lazy husband gets a brick for a pillow ».

ঢেঁড়ো শাক সিঝাব কত, হাবা ভাতারকে বোঝাব কত « How long shall I boil *dhero* herb? How long should I explain to the idiot of a husband ».

দরবারে না মুখ পেয়ে ঘরে এসে মাগ ঠেঙ্গায় « Not finding an opportunity to speak at the court, he comes home and beats his wife ».

দরবারে হারিয়ে জামাই মাগকে ধ'রে মারে « Defeated at the court the son-in-law finds and beats his wife ». See *supra.*

না দেখ্‌লে থাক্‌তে নারি দেখ্‌লে কাটাকাটি « I cannot remain without a sight (of him), but a scuffle follows when we meet ».

পড়েছি দজ্জালের হাতে। জঞ্জাল জড়ায় দিনে রাতে ॥
« I have been married to a ruffian, and he sports in dirt day and night ».

পড়েছি মোগলের হাতে। খানা খেতে হবে সাথে ॥

« I am married to a Moghul, so I must eat forbidden dishes with him ».

পান পান্তা ভক্ষণ। এইতো পুরুষের লক্ষণ ॥
আমি অভাগী তপ্ত খাই। কোন দিন বা মরে যাই ॥

« To chew betel and to eat stale rice—this befits a man : I, a poor wretch, eat my dinner hot, lest I die someday ».

ভাত-কাপড়ের ভাতার নয়। নাক কাটবার গোসাঁই ॥

« As the husband does not provide food and clothes, but is ready to cut the nose ». See উপোসের কেউ নয়, পারণার গোসাঁই, *supra*. *Cf.* Hindi : *khānā na kapṛā saīt kā bhatrā.*

ভাত দেবার ক্ষমতা নেই। কিল মারবার গোসাঁই ॥

« He has no capacity for finding food, but is game for dealing fisticuffs ».

ভাত দেয় না ভাতারে। ভাত দেয় গতরে ॥

« Not the husband, but her own exertions find her food ».

মিন্‌সের যদি এত যজমান। মাগী কেন ভানে ধান ॥

« If the man has so many clients, why does his wife then live on husking paddy ? ».

যার কাছে ব্যবস্থা। সেই করে তিন অবস্থা ॥

« He who is to keep the order maltreats me ».

যার জন্যে কর্‌লুম যো। সেই বলে পৈতানে শো ॥

« He whom I serve so faithfully asks me to lie at his footstool ».

(G) **Regarding neighbours :**

আটে কাটে দঢ় বড় শক্ত মেয়ে যেই।
পাড়া-পড়্‌শীর বুকে বসে ঘর ক'রছি তেই ॥

« As I am a staunch woman and quite smart, I sit, as

it were, on the chest of our neighbours and run the household ».

ঝি জব্দ কিলে, বউ জব্দ শিলে।
পাড়াপড়্শী জব্দ হয় চোখে আঙুল দিলে ॥

« A daughter can be taught a lesson with fisticuffs, and the daughter-in-law when set at the grinding stone ; but the neighbours can be quieted only when poke at their eyes ».

পড়্শী নয়, বড়্শী « No neighbour, but an angling hook ».

যার ভাতার তার ভাতার। কেঁদে মরে হারু ছুতার ॥

« Her indeed is the husband, whose husband he is, but the carpenter *Hare* dies of crying ».

যা'র ঝি তা'র জামাই। পাড়াপড়্শীর কাট্‌না কামাই ॥

« Whose the daughter, her the son-in-law, but the neighbours stop spinning (for the day) ».

না বিয়োল মা বিয়োল ঝি ঝাল খেয়ে ম'ল পাড়াপড়্শী ॥

« Not the mother but the daughter begot the son, and the pungent dose is given to the neighbours »

(H) **Maxims :**

অতি বড় ঘরনী না পায় ঘর। অতি বড় সুন্দরী না পায় বর।

« An ultra good housekeeper does not find a household : an excessively beautiful girl does not find a husband ».

অন্ন দেখে দেবে ঘি। পাত্র দেখে দেবে ঝি।

« Look for fine boiled rice before you serve ghee : find out a suitable bridegroom before you marry your daughter ».

অযাচন্তীর মান বাড়া « An unbegging woman has a high prestige ».

আষাঢ়ে না হ'লে সুত হা সুত যো সুত।
ষোলতে না হলে পুত হা পুত যো পুত ॥

« If yarn is not spun by the month of *Āṣāḍh* (May-June) there would rise a cry for it ; if there is no issue even at the age of sixteen, there would be a cry for children » .

ইষ্টি কুটুম বাব। সকল কুটুম টাকা।

« The father is the most revered guest ; all others can be bought over with money » .

এই ডুমুরের গরব কর। পাক্‌লে ডুমুর প'ড়ে মর ॥

« You praise the beauty of a fig : but when it ripens it drops down » .

এক ছেলে তা'র ফুলশয্যে। পাঁচ ছেলে তা'র কাঁটার শয্যে ॥

« She who has got an only son lies on a bed of flowers (as it were) ; she who has five, lies on a bed of thorns » .

এখন বুঝিলে না যৌবনের ভরে।
তখন কাঁদিতে হবে অজ্‌ঝোর ঝরে ॥

« Now you do not take heed at the prime of youth, but later on you would have to shed tears in torrents » .

কড়ি দিয়ে খাব দই। গয়লানী আমার কিসের সই ॥

« I shall pay cash down and eat curds : wherefore must I call the milkmaid my friend » ?

কাঁকে কলসী চড়ক পাক। গিন্নি হবার বড় সাধ ॥

« Always fetching water and always spinning like a top—(this is the duty of the mistress of the house) : have you still a great desire of becoming one » ?

গতরের নাম পরশমণি « The name of activity is touch-stone » .

গাই কিন্‌বে ঝাঁপ্‌ড়ী। বউ আনবে ফেঁত্‌ড়ী ॥

« Buy a sleek cow : bring home a plain-looking daughter-in-law » .

গাঙ্গে গাঙ্গে (*or* রাজায় রাজায়) দেখা হয়, তো বোনে বোনে দেখা হয় না « Rivers (*or* kings) may meet, but sisters do not » .

ঘরের গাছা, পেটের বাছা « The plant grown on the homestead and the child of womb (are equally dear) ».

চুল থাকে তো বাঁধি। গুণ থাকে তো কাঁদি ॥

« It is worth while to do up long tresses of hair, and to weep for one who is worthy ».

ছিঁড়ে ছিঁড়ে কাটুনী। পুড়ে ঝুড়ে রাঁধুনী ॥

« A spinner after spoiling much cotton : an expert cook after much burns and scalds ».

ছেলে নষ্ট হাটে। বউ নষ্ট ঘাটে ॥

« A boy is spoilt in the market place, a daughter-in-law at the bathing place ».

ঝিকে মেরে বউকে শিখান « To beat the daughter and teach the daughter-in-law a lesson ». *Cf.* Hindi : *apnī betīkō aisā māru ki pōtōh trās kar jāe* « I would beat my daughter, that my daughter-in-law may learn to fear ».

তুফানেতে হাল ধরে না, সেই বা কেমন নেয়ে।
কথা প'ড়লে বোঝে না, সেই বা কেমন মেয়ে ॥

« What sort of a sailor is he who does not hold the helm fast in a gale ? What sort of a girl is she who does not catch the sense of a talk » ?

নটীকে ব'ল না নটী। ধ'র্‌বে এসে চুলের মুঠি ॥

« Do not call a dancing girl as such : she would come and catch you by the lock ».

ননদেরও ননদ আছে « The sister-in-law has also a sister-in-law of her own ». The sister (ননদ) is notorious for her ill-treatment to her brother's wife. *Cf.* প্রতি বোল ননন্দ বাছে « the sister-in-law (husband's sister) finds fault at every word » Śrīkṛṣṇakīrttana, p. 344 ; ননদী বিষের কাঁটা। বিষ মাখা দেয় খোঁটা ॥ « The sister-in-law is like unto a poisonous thorn and pricks in poison incessantly » Caṇḍidāsa; etc.

নিকুলে চুকুলে ঘর। কামালে জামালে বর ॥

« A room looks fine when cleansed and washed : a bridegroom looks nice when he shaves and puts on (fine) cloths ».

পরের সোনা দিও না কানে। কেড়ে নেবে হেঁচকা টানে ॥

« Do not wear oth:r's gold ornament in your ears : the owner may take it away with a snatch ».

পায়ে-পড়াকে পারা ভার « It is indeed difficult to resist one who humbles himself at the feet ».

পাঁচ জনে খায় একলা মাগী। দশহাতে খায় ডোক্‌লা মাগী ॥

« A single woman shares her food with others : a spendthrift woman gobbles with ten hands, as it were ».

পান্তা ভাতে ঘি নষ্ট। বাপের বাড়ী ঝি নষ্ট ॥

« Ghee is spoiled when served on stale rice : a daughter is spoiled if she stays at her father's place for long ».

পরের কথায় লাথি চড়। নিজের কথায় ভাত কাপড় ॥ « If one thinks of other's affairs he gets kicks and fisticuffs ; if he minds his own business he finds plenty ».

পিরীত যখন জোটে। ফুট কলাই ফোটে ॥
পিরীত যখন ছোটে। ঢেঁকিতে ফেলে কোটে ॥

« When affection appears, it gushes like peas frying : when it goes out, one is pounded, as it were, in the husking machine ».

পুতের মুতে কড়ি « Even the urine of a son brings money ».

পেটের বাছা বাড়ীর গাছা, see *supra*.

বাপ গুণে পো, মা গুণে ঝি « Son inherits his father's qualities : daughter, of her mother ».

বন পোড়ে সবাই দেখে, মন পোড়ে কেউ দেখে না « When a forest is burnt down it catches the notice of everybody ; but nobody takes the slightest notice when one's heart burns in anguish ».

Cf. বন পোড়ে আগ বড়াই জগজনে জানী।
মোর মন পোড়ে যেন কুম্ভারের পণী ॥

« When fire burns a forest down it becomes manifest to the whole world : but my heart burns slowly like the kiln of a potter » Śrīkṛṣṇakīrttana, p. 294.

বিধি যদি করে মন। পুত বিয়াতে কতক্ষণ ॥

« If Providence so minds, a son may be born in no time ».

ভাইয়ের ভাত, ভাজের হাত « Brother finds food, but its serving lies with his wife ».

ম'রবে মেয়ে উড়বে ছাই। তবে মেয়ের গুণ গাই ॥

« Not until a woman dies and her ashes are scattered away, she would be praised for her virtue ».

মেয়ে মানুষের বাড়, না কলা গাছের বাড় « The growth of a girl is as rapid as that of a banana plant ».

মায়ে ঝিয়ে কোঁদল কোঁদল নয়।
সকালের বাদল বাদল নয় ॥

« It is a sham quarrel when a mother and her daughter fall out : a morning shower is no rain ». *Cf.* Hindi : *mā beṭiō mẽ laṛāī huī lōgō nẽ jānā bair paṛā* « the mother and the daughter quarrel and people think them enemies ! ».

মেয়ে ছেলে কাদার ডেলা। থপাস্ ক'রে জলে ফেলা ॥

« A girl child is like a lump of clay, only fit for dropping into water with a splash, *i.e.*, a girl is married down and lost to her parents ».

মেয়ের মায়ের পাঁচটা প্রাণ « Mother of a girl has five vitals ; *i.e.*, she has got to digest so much insults and taunts from her son-in-law's people that she must possess wonderful patience ».

যতদিন দুধ, ততদিন পুত « As long the son is fed at his mother's breast, so long is he his mother's alone ».

যারে যেমন গ'ড়েছে বিধি। সেই ভাতারের পরম নিধি॥

« However a girl might be fashioned by the Creator, she is but her husband's darling ».

যে রাঁধে সে কি চুল বাঁধে না ? « Has she not got to cook the meal, who dresses up her hair » ?

যেমন হাঁড়ি তেমন সরা (*or* বিঁড়ে) « Like pot, like lid (*or* stand) ». *Cf.* Hindi : *har degī camcā* « a spoon for every pot ».

রাজার রানী, কানার কানী « Queen to a king : an one-eyed darling to an one-eyed fellow ». *Cf.* যারে যেমন গড়েছে বিধি etc., *supra* ; English : *Every jack has his jill.*

লক্ষ্মীছাড়ার দাঁতে বিষ » A luckless fellow has a foul tooth (i.e. the tongue) ».

লক্ষ্মীছাড়ার ভক্ষি বেশী « A hapless fellow is a voracious eater ».

লোহা জব্দ কামার বাড়ী, বউ জব্দ শ্বশুরবাড়ী « Iron suffers at a blacksmith's shop, and a daughter-in-law at her husband's place ».

শশা খেয়ে জলকে টান। তেমনি ভায়ের বোনকে টান॥
চিনি খেয়ে জলকে টান। তেমনি বোনের ভাইকে টান॥

« As there is no inclination to drink water after eating a cucumber, so indeed a brother has little affection for his sister. But as one drinks water after eating a sweet dish, so indeed does a sister hanker after her brother's welfare ».

সকলেই তো মেয়ে।
কেউ যাচ্ছে পাল্‌কী চ'ড়ে, কেউ র'য়েছে চেয়ে॥

« All of us are women : but some ride in planquins, while others look along ».

সখি লো সখি। আপনার মান আপনি রাখি॥

« My friend, one has to keep her own prestige ».

সেই ধানে সেই চা'ল। গিন্নি বিনে আলথাল॥

« So much paddy gives so much rice (as always) : but everything is topsy-turvy in the absence of the mistress of the house ».

(I) **Regarding ridiculous and preposterous actions :**

অবাক ক'রলি ভবি, অম্বলে দিলি আদা « You have made me aghast, Bhabi : you have spiced acid curry with ginger! »

অবাক ক'রলে নাকের নথে। কাজ কি আমার কানবালাতে ॥

« The nose-ring has stunned me : what then, is my use with earrings ? »

অবাক কলি বাক্ সরে না। গুড় দিয়ে মুড়ি ভাল লাগে না ॥

« I am rendered speechless with the affairs of the modern evil days : I no longer relish fried rice with molasses ! »

অবিয়ন্তীর ঠুন্‌কো ব্যথা « A nullipara to have inflamed breasts ! » *Cf* Hindi : *bin jane kā thanailā huā hai* « no child brought forth and breasts inflamed ! »

অসইরন সইতে নারি।
থালার জলে ডুবে মরি ॥
(*or* শিকেয় ব'সে ঝুলে মরি ॥)

« I cannot endure which cannot be endured : let me drown myself in the water in a plate (*or*, hang myself down seated on a swinging pot stand) ».

আপনার শিরে প'ড়্ল হাঁড়ি। ভাত রেখে আমানি বাড়ি ॥

« The cooking pot has smashed over my head : let me keep away boiled rice and serve stale gruel for myself ».

আমানি খেয়ে দাঁত ভেঙ্গেছে, সিঁদুর প'রবি কিসে ? « You have drunk stale gruel and have thereby broken your teeth : where would you put on vermilion paint ? »

আর সওদা যেমন তেমন, খোঁপাবাঁধা দড়ী « Other items of marketing are optional, but ribbon for hairdressing (must not be forgotten) ».

আদর বিবির চাদর গায়। ভাত পায় না, ভাতার চায়॥

« Dame Love has a veil on her person : she goes without food but longs for a husband ».

আসুক না আসুক বর। সীঁতে প'রে মর॥

« The bridegroom may come or not : you die of wearing the tiara (in expectation) ».

উদ খেতে খুদ নেই নেউলে বাজায় শিঙ্গে « She has not got even rice grains to drink water with, while there is a (pet) mongoose to sound the horn ».

এক গাঁয়ে ঢেঁকি পড়ে আর গাঁয়ে মাথা ব্যথা « The husking machine works in one village, but somebody in another villag: feels a headache for it ».

ওঠ্ ছুঁড়ি, তোর বিয়ে। হাতে তালি দিয়ে॥

« Stand up, you hussy : your mariiage ceremony comes off with mere handclaps ».

ওর বাপ যা'র শ্বশুর। সে হয় আমার ভাসুর॥

« He whose father-in-law this one's father is, is my husband's elder brother ».

'ওরে সেধো, ভাত খাবি?' হাত ধুয়ে ব'সে আছি।

« 'Will you dine, Sedho ?' 'I am quite ready having washed my hands' ».

কত সাধ যায় রে চিতে। মলের আগায় চুটকী দিতে॥

« So many desires of heart ! – to wit, to show off anklets with toe-rings ».

কতই সাধ হয় যে চিতে। ফোকলা দাঁতে মিশি দিতে॥

« So many longings !—to wit, to blacken teeth when there are none ».

কথার নেই মাথা, ব্যাঙ্গে চিঁড়ে দই খায় « There is no sense in the story : as if a frog partakes of a dish of rice and curds ».

ক'নের মা ক'নে বাখনায়, আমার মেয়েটি ভালো।
(আর) ধানে সিজানো হাঁড়ির চেয়ে একটু কিছু কালো॥

« The girl's mother praises her daughter's beauty, 'My girl is nice looking, only she is a shade darker than the (bottom of the) clay pot for boiling paddy' ».

কাকে এলে কি শেখাতে। কাঁচকলা দিয়ে কান বেঁধাতে ॥

« To whom have you come to teach—to pierce ears with a raw banana ? »

কিবা ছেলের মু্খের হাঁই। তবু হলুদ মাখেন নাই ॥

« What a lovely face the child has ! He has not yet painted himself with turmeric ».

কে ন্ কালে হবে পো। নেক্ড়া কানি তুলে থো ॥

« No knowing when a child is going to be born, yet you are making the swaddles ready ! »

থ্যাঁদা নাকে নথ। আর গোদা পায়ে মল ॥

« A nose-ring in a flat nose, and anklets on swollen legs ! »

খাবার সময় নবার মা « The mother of a Nabob at the dinner time only ! »

খুস্কিতে তেল নেই, তালের বড়া ভাজা।

« No oil to anoint the head which needs it badly, but she wants to fry palm cakes ! » *Cf.* Hindi : *curṭiyā kō tel nahī pakauṛō ko jī cāhe* « No oil for her locks and she longs for fried cakes ! »

খেতে পায় না পচা পুঁটী। হাতে পরে হীরেব আংটী ॥

« The poor wretch goes without food but puts on diamond rings ».

গিন্নির ওপর গিন্নিপনা। ভাঙ্গা পিঁড়েয় আলপনা ॥

« Playing the mistress over the real one is as ridiculous as ceremonial paintings on a broken wooden seat ».

গা থম্ থম্ গা থম্ থম্ গা থম্ থম্ করে।
কে নেবে মোর শাকের পেতে কে নেবে গো ধ'রে ॥

« I am trembling, I am trembling, and I am tremb-

ling : who is there to take hold of my basket of vegetable leaves ? »

গোদা পায়ে আল্‌তা পরা « To paint swollen feet red ».

ঘটকালি ক'রতে গিয়ে বিয়ে ক'রে এল « He went out to arrange for another's marriage, but himself came home married ».

ঘণ্টা বাজিয়ে দুর্গোৎসব, ইতু পূজোয় ঢাক « The ceremony of the worship of Durga is celebrated with the mere sound of handbells, but at the worship of *Itu* (a much smaller affair) drums are beaten ! »

ঘরসর্বস্ব তোমার, চাবিকাটিটি আমার « You are the master of the house, but the key I keep for myself ». *Cf.* Maithili : *bahuṛyā ke baṛa dulār, hāṇḍī basan chūahī na pāvas* « Many caresses to his wife, but she must not touch the household vessels ! » ; Hindi : *gharbār tumhārā kōṭhī kuṭhlē kē hāth na lagānā* » All is yours, but don't touch anything ».

চালুনীতে ঘোল বিলান « To distribute whey in a sieve ! »

চুলের নামে খোঁজ নেই, তার বোঝা পাঁচ ছয় দড়ি « No trace of hair, but there is quite a load of ribbons ! » *Cf.* Hindi : *ākh ekō nahī, kajrauṭī das ṭhāī* « Eyes she has none, but she has ten pots of lamp-black (for the eyes) ».

ছিল নাকো ঘেঁটু পূজো। একেবারে দশভুজো ॥

« They did not even hold the worship of *Ghentu* before : now they all at once worship the Ten-armed Goddess ! »

জন্ম গেল ছেলে খেতে, আজ বলে ডা'ন « The whole life is passed by devouring children : now they say that I am a witch ! »

ডেকে' বলে ভাড়ানী। ছেলের বিয়েতে চাই আড়ানী ॥

« A mere wage-earner, but she must have a large, decorated fan at her son's marriage! »

তিন কাল ছেলে খেলুম, আজ বলে ডান. See *supra :* জন্ম গেল etc.

তপ্ত ভাতে নুন জোটে না পান্তা ভাতে ঘি « No provision for a bit of salt for the hot boiled rice, but he longs for some ghee for the stale ! »

তেলের ভাঁড়ে তেল নেইকো, পলায় মারে ঘা ।
এতদ্‌দেশের বউকাঁটকী ছিদাম তেলির মা ॥

« Not a drop of oil in the pot, but she strikes the spoon repeatedly against the pot to get a drop : such a daughter-in-law baiting mother-in-law is the mother of Chidām Teli of this country ! »

দেখে দেখে লাগল ধাঁধা । পেত্নীর পোঁদ পেতল বাঁধা ॥

« Looking on and on I am puzzled to find that the bottom of a she-goblin is mounted with brass ! »

দোল দেখ্‌তে ভাতার ম'ল, রথ দেখ্‌তে যাই « Husband died when I had gone to the Spring festival : let me now go to join the Car festival ».

ধনসোহাগী মরেন খুদের জাউ খেয়ে « The lady talks of her riches, but is sick of drinking rice gruel only ».

নাচ্‌তে এসে ঘোমটা টানা « To draw the veil on when come to dance in public ».

নাচুন্তীর (*or* হাগুন্তীর) লাজ নেই, দেখুন্তীর লাজ « No shame in the dance but in the girl who witnesses it ! »

না বিইয়ে কানায়ের মা « (She claims to be) Kānāi's mother without bearing him ».

পরের পুতে বরের বাপ « To play the bridegroom's father when he is not it ».

পরের দোষ আকাশ জোড়া আপন দোষ ছোট ।
চালুনী বলে, ধুচুনী ভাই তুমি কেন ফুটো ॥

« Other's shortcomings are enormous, while one's own is nil : the sieve asks the net, 'Why are you porous, sister ?' »

পোঁদ যাচ্ছে ক্ষয় । চা'লতা বোঝা বয় ॥

« His loins are wearing out but he must carry the load of *Chāltā* fruits ! »

পোঁদে নেই ইন্দি, ভজরে গোবিন্দি « Not a shred to cover the bottom with : do then worship God ».

বউ উঠ্‌তে ঠাঁই পায় না, উঠোন জোড়া দাসী « No room for the daughter-in-law to step in, but her attendants can fill up an entire courtyard ».

বল দেওরা রে এর ব্যাওরা কি ।
নন্দাইয়ের কোলে কেন শোয় না ঠাকুরঝি ॥

« Say, brother-in-law, what is the matter : why does not my sister-in-law live with her husband ?

বাঁচলে কত দেখব আর । ছুঁচোর গলায় চন্দ্রহার ॥
বেরালের কপালে টীকে । বাঁদর বেড়ায় হলুদ মেখে ॥

« What more I shall have to see, if I live, than this sthat a mole wears diamond necklace, a cat goes decorated in her forehead and a monkey uses turmeric as cosmetics ! »

বাছা আমার ছিরখণ্ডী । বসে আছেন বড়াই চণ্ডী ॥

« My child sits decorated with sandal paste but looks like the image of *Caṇḍī* at *Baṛāi* ».

বাড়া ভাতে নেড়া গিন্নি « The bald-headed mistress when dinner is served ! » *Cf.* খাবার সময় নবার মা, *supra.*

বাপ জানে না, মা জানে না, হোগল বনে বিয়ে « Unknown to the parents she is being married in a swamp of reeds ».

বাছার আমার কিবা রূপ ।
ঘুঁটের ছাইয়ের নৈবিদ্যি, খেংরা কাটির ধুপ ॥

« O the beauty of the child ! He should be worshipped with the offering of a dish of ashes of cowdung and the incense of broomsticks ».

বার কাঁদি নার্‌কোল তের কাঁদি কলা ।
আজ রানীর উপবাসের পালা ॥

« A meal of twelve bunches of cocoanuts and thirteen

bunches of banana,—today is but a fast day of the queen ! »

বিষ নেই, কুলোপানা চক্কর « No vestige of venom but quite a huge hood ! »

বুড়ো বয়সে দুধতোলানি « Disgorging mother's milk in old age ! » *Cf.* Bhojpuri *būṛh bhoīl, buṛh ghaus na chūṭal.* « He has grown old but his childishness has not left him » .

বৃন্দাবনে আছেন হরি। ইচ্ছে হ'লে রইতে নারি ॥

« God is in Vṛndāban ; if I like I may leave home » .

ব্যাঙের নাকে মিনের নোলক « Enamelled nose-top in the nose of a toad » .

বেটির কি মূর্তি। শেওড়া গাছের চক্রবর্তী ॥

« What a beauty the woman is ! —just like the queen of a Seoṛā tree, (*i.e.*, a goblin) » .

বেরিয়ে এলুম, বেশ্যা হলুম, কুল ক'রলুম ক্ষয়।
এখন কিনা ভাতার শালা ধমকে কথা কয় ॥

« I have left home and forsaken my family and have become a woman of pleasure : but now comes the devil of a husband and chastises me ! »

ভাত পায় না, মল প'রে নাচে « No food to eat but she dances with anklets on ! »

ভাত পায় না, চিঁড়ের নাগর। আমানি খেয়ে পেট্টা ডাগর ॥

« He has no rice to eat ; he fills his stomach with stale gruel, but he longs to eat rice cakes ! »

ভাত পায় না, ভাতার চায়। থেকে থেকে আবার গয়না চায় ॥

« She gets no meal but wishes for a husband, and from time to time she longs for jewellery as well ! »

ভাতার থাকতে উদ্‌মো রাঁড়ী « A rampant widow with her husband is still living ! »

ভাজা মাছটি উল্‌টে খেতে জানে না « He does not know how to eat the other side of a fried fish ! »

ভারি তো বিয়ে, তার দুপায়ে আলতা « What a marriage and she has painted both her feet crimson ! »

ভাল কথা মনে প'ড়ল আঁচাতে আঁচাতে ।
ঠাকুরঝিকে নিয়ে গেল নাচাতে নাচাতে ॥

« A fine news I have remembered while washing hands and mouth : it is thi',— they have taken away my sister-in-law dancing ! »

ভুলি লো ভুলি ।
খর জ্বালে খই আস্কে, ধিকি জ্বালে সরুচাকলি ॥

« Hear me, Bhuli ; fried paddy and rice cakes are made in strong heat, but lentil cakes in slow heat » .

মা আইবড় থাকতে বেটি শ্বশুরবাড়ী যায় « The mother remains a spinster but the daughter goes to her husband's home ! »

মাগ নেই, তার শ্বশুরবাড়ী « No wife but a father-in-law's place ! »

মা বেচে খায় কল্মী শাক । বেটার কথায় ফরমাসে পাগ ॥

« The mother lives by selling *kalmi* leaves, while the son wears a turban made to order » . *Cf.* Hindi : *ghar mė dėkhō chalnī na chāj, bāhār mīyā tīrandāz.* « Not a sieve or winnowing basket at home, but he is a Sir Knight abroad » .

মুলে মাগ নেই, উত্তর শিওর « Not even a wife, yet afraid of lying down with the head to the north ! »

মুলে মাগ নেই, ফুলশয্যে « No marriage yet a honey-moon !

মোটে মা রাঁধেনি, তপ্ত আর পান্ত « Mother has not cooked at all : how can there be the talk of a hot or cold dinner ? »

রান্নায় প্রাণ জুড়োয়, গায়য় হলুদ « She cooks the worst but smears herself thoroughly with turmeric » .

স'জনে শাকে নুন জোটে না, মসুর ডালে ঘি « She cannot procure a pinch of salt to be eaten with vegetable leaves but desires for ghee in lentil soup » . *Cf.* তপ্ত ভাতে নুন জোটে না, পান্ত ভাতে ঘি, *supra.*

শাঁখা-হাতী শাঁখা নাড়ে। বেরাল বলে ভাত বাড়ে॥

« The woman with conch bracelets jingles them, while the cat thinks she is serving the dinner ».

শাকেই এত নাড়া।
ডাল হ'লে ভাঙ্গত হাঁড়ি, ভাসৃত কত পাড়া॥

« So much brandishing of ladles when cooking only vegetable leaves! Had she cooked lentil soup she would have smashed the pot and drowned so many villages ».

শুন্‌লে কথার ছন্দ।
হাঁড়ি ভেঙ্গে মাছ পালালো, ঝোল রইল বন্ধ॥

« Do you hear the meaning of her talk? The fish breaks the pot and makes its escape, but the soup would remain intact! »

শুন্‌লে কথার ভাবখানা।
হাঁড়ি ভেঙ্গে মাছ পালালো, ঝোল দিয়ে কেন ভাত খা না॥

« Do you see the drift (of her) talk? The fish has broken the pot and escaped! Why do you not now eat rice with the soup? »

সতী মাগীর তাঁতি নাঙ « Dame Chastity has a weaver paramour ».

সাতভাতারী সাবিত্রী « A Sāvitrī having seven husbands! »

সর্ লো সর্। আমার নোতুন মলে লাগবে জল॥

« Away with you! My new anklets may touch water ».

সেই বুড়ি নাচে। কত কাচ কাচে॥

« The old hag has got to dance at last, yet she makes so many excuses ».

সেই তো মল খসালি। তবে কেন লোক হাসালি॥

« You have at last taken off your anklets: why did you then give the people occasion to laugh at? »

হই গিন্নি, না ছুঁই হাঁড়ী « Let me be the mistress of the house but let me not touch the cooking pot ».

হেঁদি কয় পেঁদিকে বোঝালো। ঢেঁকি দিয়ে কান বেঁধা লো ॥

« Hendi speaks wisely to Pendi, 'Look here, get your ears pierced with a husking ram' ».

(J) **Miscllaneous :**

অভাগীর বক্ত ফাটা। তিন ঠাঁই তার ইঁদুরকাটা ॥

« The luck of the wretched woman is cracked and also incised by mice in three places ».

অভাগিনীর দুটো পুত। একটা দানা একটা ভূত ॥

« The wretched woman has two sons: one is a demon and the other a goblin ».

অভাবে নাতজামাই ভাতার « When there is no help the husband of the grand-daughter serves as the husband ».

অবগুণ নেই বরগুণ আছে « No good qualities but very many bad ones (she has) ».

অরাঁধুনীর হাতে পড়ে কই মাছ কাঁদে « A perch feels sorry if it is being cooked by a bad chef ».

অলকাতিলকা সার « Painting decorations and nothing more ! »

অকাল গেল, সুকাল এল। কত দোষ দিয়ে বোনপো গেল ॥

« Evil days are passed and good days are come, but my sister's son has left me after finding so many faults ».

আকালের বারি। মায়ে ঝিয়ে জল পিয়ে মরি ॥

« Water in draught : we, mother and daughter, drink and drink only water ».

আয়েস লুকোবি, বয়েস লুকোবি। গালভাঙ্গা তোর কোথায় থুবি ॥

« You may keep your capacity and age secret : but how would you hide your crumpled cheeks ? »

আছিকালের বদ্যি বুড়ি « A medicine woman of the pristine days ».

আপনার ছেলে খায় এতটি। বেড়ায় যেন লাটিমটি ॥
পরের ছেলে খায় এতটা। বেড়ায় যেন বাঁদরটা ॥

« One's own son eats so little and moves about like a top : other's son eats so much and jumps about like an ape ».

আম শুখোলে আমসী। যৌবন গেলে কাঁদতে বসি ॥

« One makes pickles of dried mango, but one has to weep over one's lost youthfulness ».

আমার নাম যমুনাদাসী। পরের খেতে ভালোবাসি ॥

« My name is Yamunādāsī, and I am awfully fond of dining at other's tables ».

আমি খাই ভাতারের ভাত। তোমার কেন গালে হাত ॥

« I eat my husband's bread : why should you wonder at it ? »

আজ আমাদের রাঁধন বাড়ন, কাল আমাদের খাওন।
আমার আজও থাকন, কালও থাকন, পরশু আমাদের যাওন ॥

« Today we cook, and tomorrow we feast ; I stay here today and tomorrow : on the day after tomorrow we depart ».

আসেন লক্ষ্মী, যান বালাই « (A guest) is welcome as the Goddess of luck, but is got rid of like a pestilence ».

উটকপালী চেরোনদাঁতী। গোদা পায়ে মার্‌ব লাথি ॥

« I have (as you say) a prominent forehead like that of a camel and teeth like combs ! I shall however give you a kick of my fat legs ».

উত্তুরে মেয়ে, পুবে নেয়ে « A girl from the north and a sailor from the east (are equally good) ».

উলোর মেয়ের কুলুজী, অগ্রদ্বীপের খোঁপা।
শান্তিপুরের হাতনাড়া, গুপ্তিপাড়ার চোপা ॥

« Pedigree of the girls of Ulo, hair-dressing of the girls of Agradvīp, flourish of arms of the girls of Śantipur, and smart speech of the girls of Guptipārā (are excellent) ».

এক কলসী জল তুলে কাঁকালে দিলে হাত।
এই মুখে খাবে তুমি বাগ্‌দিনীর ভাত ॥

« You have drawn only a pitcher of water and you tire out ; how can you expect to get dinner from the low-caste woman ? » (The verse is from a Siva story).

এক বেন্নন, তাও নুনে বিষ (*or* পোড়া) « A single curry and it is overdone with salt ! »

এক মায়ের এক পুত। খায় দায় যমের দুত ।।

« The only son of a mother, he eats drinks and roams about like a young devil ».

এক হেঁসেলে তিন রাঁধুনী। মরে গেল তার ফেন-গালুনী ।।

« Three cooks in a single kitchen ! The handmaid dies of straining water from boiled rice ».

এক্লা ঘরের গিন্নি হব। চাবিকাটি ঝুলিয়ে নাইতে যাব ॥

« I shall be the sole mistress of the house, and would hang down the bunch of keys on my back and go to have my bath ».

এক্লা মায়ের ঝি। গরব কর্‌ব না তো কি ॥

« The only daughter of my mother, why should I not feel proud of it ?

একে রাঁড়ের ভাত, তায় মসুরের ডাল « It is the dinner of a widow : add to it the lentil soup ».

একেই নাচুনী বুড়ি, তায় নাৎনীর বিয়ে « The old lady is given to dancing fits : over and above there is the occasion of her grand-daughter's marriage ».

এত কলাই ভাতে। ছোট্ ঠাকুরের পাতে ॥
এত ডাল দিয়েছে ভাতে। তবু নেই বড়্ ঠাকুরের পাতে ॥

« So much boiled gram, all in the plate of (my) husband's younger brother ; so much boiled lentil, yet none in the plate of (my) husband's elder brother ! »

ওলো রঙ্গী, তোর ঘর পুড়্‌বে। পুড়ুক গিয়ে ঘর।
আমার তো রঙ্গ পুড়্‌বে নাকো তাতে কিবা ডর ॥

« 'You sportive girl, your house may catch fire.' 'Let

it ; it would not spoil my sport : so there is no fear ». *Cf.* Hindi : *ghar jwal gayā tab curiyā pūchī* « When the house was on fire they admired her bangles ».

কত দুঃখের নীলমণি। জানে দিদি রোহিণী ॥

« Sister Rohiṇī knows what a treasure of pains my Black Jewel (i.e. Kṛṣṇa) is ».

ক'নের মা কাঁদে। আর টাকার পুঁটুলি বাঁধে ॥

« The bride's mother weeps and ties the purse securely ».

ক'নের ঘরের মাসী। বরের ঘরের পিসী ॥

« Aunt to the bride and to bridegroom as well »

কপালে আছে বিয়ে কাঁদ্‌লে হবে কি ? « Fated to be married : what could tears avail ? »

কানা কন্যের নানা রোগ « A blind girl suffers from various diseases ».

কাল নয়নে কেলে সোনা। ইচ্ছে করে কত জনা ॥

« A black-eyed dark jewel : so many people desire (her) ».

কুঁদুলে নাড়ী কোঁ কোঁ করে। কোঁদল নইলে থাক্‌তে নারে ॥

« Bowels of quarrelsome persons cry out ; they cannot do without quarrelling ».

গড় করি পিঠে, দাঁত ছেড়ে দে « I beg your pardon, cake. Let go my teeth ».

গলা টিপ্‌লে দুধ বেরোয় « Mother's milk comes out if pressed by the gullet ».

ঘরে নেই যা। ছেলে চায় তা ॥

« The child likes to get whatever is wanting at home ».

চন্দ্র সূর্য অস্ত গেল, জোনাকির পোঁদে বাতি।
বিস্তর ক'র্‌লে পেটের পুত, কি কর্‌বে নাতি ॥

« The sun and the moon are down and light is left

in the tail of the firefly. Much has indeed been done by one's own son ; what can a grandson do ?

ছোট শরাটি ভেঙ্গে গেছে বড় শরাটি আছে ।
নাচ কোঁদ কেন বউ, আমার হাতের আটকাল আছে ॥

« The smaller cup is broken and there remains only the bigger one ;—why do you make much of this, daughter-in-law of mine ? I have an idea of the measure in handfuls ».

The story is this. A woman tortured her daughter-in-law very much, and used to give her food by the measure of a small bowl, which was exceedingly insufficient. Now the pot broken one day, which made the poor girl quite happy on the thought that her mother-in-law would now dole out food by the bigger bowl. The above is her mother-in-law's response to the poor girl's thought.

ঝির ঝি, করবে কি ? « Daughter's daughter,—what can she do ? »

ঢেঁকশালে যদি মানিক পাই । তবে কেন পর্বতে যাই ॥

« If I find a diamond in the husking shed, why should I go to the mountain ?

তুমি যেমন রসিক নাগর আমি তেমন মেয়ে « I am quite a match for you, my dandy ».

তেল দাও, সিঁদুর দাও, ভবি ভোল্‌বার নয় « You may give oil and vermilion for toilet : Mrs. Bhabi is not to be coaxed ». *Cf.* Hindi : *gāō bajāō bannèkè Tōlōhī nahi* « You may play and sing, but you would not please the bridegroom ».

তেঁতুলতলা দিয়ে গেলে গলায় দুধ বসে যায় « (He is so young that) if he happens to pass by a tamarind tree his mother's milk curdles up ».

তোদের হলুদ-মাখা গা । তোরা রথ দেখ্‌তে যা ॥
আমরা হলুদ কোথা পাব । আমরা উল্‌টো রথে যাব ॥

« You have smeared the body with turmeric paste,

you may go to the Car festival. Where can we get turmeric ?—so we can go to the return Car festival ».

তোর শিল, তোর নোড়া। তোরই ভাঙি দাঁতের গোড়া ॥

« Yours the mortar, yours the pestle too : let me crush your teeth out with them ».

থাক্ রে কুকুর আমার আশে। ভাত দোবো তোকে পৌষ মাসে ॥

« Entertain hopes on me, doggy,: I would give you a rice in the month of Pauṣ (December-January) ».

দাইয়ের কাছে কোঁক ছাপা « To feel shame in the presence of the midwife ». *Cf.* Hindi : *dāise peṭ nani chiptā.*

দায়ে পড়ে দাইকে ডাকা « To give the midwife a call when in pains ».

ধান ভান্তে শিবের গীত « To sing in praise of Śiva, when come to husk paddy ».

ধান ভানাবি গা। না-ভানাবার গা ॥

« 'Would you have your paddy husked ?' —'No inclination (to for it)' ».

নিজের বেলায় আঁটি-সুঁটি। পরের বেলায় দাঁতকপাটি ॥

« For himself everything ; but a grin for others ».

নিতে পারি, খেতে পারি, দিতে পারি না।
ব'ল্তে পারি, কইতে পারি, সইতে পারি না ॥

« I can take, I can eat, but I cannot give anything away : I can speak, I can talk, but I cannot endure anything ».

নেই কাজ, তো খই ভাজ « Nothing to do ?—Fry paddy then ».

পড়্ল কথা সভামাঝে। যার কথা তার গায়ে বাজে ॥

« A topic is raised in a gathering : he whom it concerns can feel it alone ».

পরের দিব্যি পান্তা ভাত « Other's dinner of stale rice is nice indeed ».

পোয়ের নামে পোয়াতী বর্তায় « A mother is satiated at the instance of the infant ».

বউ ভাঙলে সরা। গেল পাড়া পাড়া ॥
গিন্নি ভাঙলে নাদা। ও কিছু নয় দাদা ॥

« Daughter-in-law breaks a clay cup, and it echoes in distant quarters; mistress of the house breaks a big earthen vat,—'that is nothing, brother' ».

বাঁজির পুতকে হাঁচির ঘা সয় না « Son of a barren woman cannot bear the blow of a sneeze ».

বাপ পোর বরতি। মায়ে ঝিয়ে এয়োতি ॥

« Father and son are the priests, and mother and daughter are the *eyo* (*i.e.*, women with husbands living, who are fed and feed in a religious ceremony) ». *Cf.* বাপ পুরুত মা এয়ো। ঘরের সামগ্রী বাইরে না যেয়ো ॥ « Father is the priest and mother the *eyo* : articles of the house remain at home ».

বাপের উপরোধে সৎমার পায়ে গড় « To bow low to the step-mother at one's father's request ».

বিয়ে হ'লে ছাঁদ্‌লায় লাথি « A kick at the canopied altar when the marriage ceremoney is over ».

বুঝ্‌লুম তোমার গিন্নিপনা। তেল থাকে তো নুন থাকে না ॥

« I appreciate your capacity as a housewife: if there be oil there is no salt ».

ভিন্নভাতে বাপ পড়্‌শী « With separate kitchens, even one's father becomes a neighbour ».

মধুপান ক'র্‌তে পারি। মাছির কামড় সইতে নারি ॥

« I can drink honey but cannot suffer the bite of bees ».

মাগুন্তড়ের স্ত্রী শুধ্‌ ভাত খায় না « Wife of a habitual beggar seldom dines on simple rice ».

মাছের তেলে মাছ ভাজা « To fry fish in its own fat ».

মানুষের বড় মান। ছেঁড়া দু'টো কান ॥

« The man has high prestige: both his ears are chopped! »

মায়ের বোন মাসী। কাদায় ফেলে ঠাসি ॥
বাপের বোন পিসী। ভাতকাপড় দিয়ে পুষি ॥

« Mother's sister deserves no more than to be kneaded like clay : father's sister deserves to be entertained with food and clothes ».

মুখটি যেন ভাজা খোলা « (Her) mouth is like a frying pan (*i.e.*, she is very garrulous) ».

মুখ নয় তো, তোলো হাঁড়ী « (Her) face is always sombre like a big earthen pot »

মেয়ে যেন আমের ডাল ধ'রেছে « The girl has caught hold of a mango tree, (*i.e.*, she is very tenacious) ». In the days long gone by, when a lady wanted to burn herself in the funeral pyre with her dead husband, she would break off a mango twig and hold it in her hand. This signified that she was determined to be a Suttee.

যতই কর শিব-সাধনা। কলঙ্কিনী নাম যাবে না ।

« However much you may worship Śiva, your ill-fame as an unchaste woman would never be wiped out ».

যশোদা কি ভাগ্যবতী। পরের পুতে পুত্রবতী ॥

» What a luck Yaśodā has ! She is a mother with another's son ».

যা'কে বল্‌লে ছি। তার রইল কি ॥

« Nothing remains for him at whom they cry out 'fie' ! »

যাকে দেখ্‌তে নারি, তার চলন বাঁকা « Even the gait of one who is hated is crooked, (*i.e.*, to find fault any way) ».

যার তরে পালাও তুমি, সেই দেবী আমি « I am that goddess whom you avoid ».

যার সঙ্গে ঘর করিনি, সে বড় ঘরনী।
যার হাতে ভাত খাইনি, সে বড় রাঁধুনী ॥

« She is indeed a fine house-keeper, with whom I

have never lived : she is really a great cook, who has never served any food to me ! ».

যার নাম ভাজা চাল, তার নাম মুড়ি।
যার মাথায় পাকাচুল, তার নাম বুড়ী ॥

« *Muṛi* is but another name for parched rice : 'old woman' is another name for one who has grey hairs ».

যে এল চ'ষে। সে রইল ব'সে ॥

« He who comes after working in the fields sits neglected ».

যেমন মা তেমন ঝি। তিন গুণে তার নাতিনটি ॥

« Like mother, like daughter · grand-daughter is thrice blessed ! »

রতন গর্ভের পেতন সন্তান « An imp of a child of a virtuous mother ».

রঙ্গের বেলায় রাঙ্গা কড়ি। রঙ্গ ফুরোলে গড়াগড়ি ॥

« At the time of sport fine trinkets : when the sport is finished no care ».

শাক দিয়ে মাছ ঢ'কা « To cover up fish with vegetables ». A widow (to whom meat or fish is a prohibited food) was once secretly eating her rice with fish curry. She was then surprised by a guest when she suddenly covered up fish with vegetable curries. Widows are maliciously suspected of eating fish in secret.

সকল নোড়াই যদি শালগ্রাম হয়, তবে হলুদ বাঁটি কিসে ?

« If all round stone pieces turn out to be sacred ones, wherewith is turmeric paste to be prepared ?

সাজ কর্‌তে দোল ফুরোলো « By the end of her toilet the spring festival was finished ».

সাত রাঁড় এক এয়ো।
যার কাছে যাই, সে বলে আমার মত হ'য়ো ॥

« Seven widows and one lady with her husband

living,—whomsoever I go to, she wishes me to share her fate ».

হাড় খাব, মাস খাব। চাম্‌ড়া নিয়ে ডুগ্‌ডুগি বাজাব ॥

« I shall eat your flesh and chew your bones, and would make a tambourine of your skin and beat it ».

হাতে কালি, মুখে কালি। বাছা আমার লিখে এলি ॥

« Ink-stain in your palms and face,—my dear child, you are come from school ».

Proverbial Sayings in Mediaeval Vaisnava Literature.

From the mediaeval and early modern Bengali literature—especially from the songs of the mediaeval Vaiṣṇava poets—we come across a few proverbs which apparently belonged to women's linguistic and literary stock. Some instances are adduced below.

[এ বোল বুলিতেঁ কাহ্নাঞিঁ মুখে লাজ বাস।]
এভোঁহো নাহিঁ ঘুচে তোর মুখে দুধ বাস ॥

« [You should feel ashamed, Kāhñāi, for uttering such sentiments], for even now you smell of your mother's milk (*i.e.*, you are so young) »; Śrīkṛṣṇakīrttana.

ভুখিল হয়িলেঁ কাহ্নাঞিঁ দুই হাথে না খাইএ।

« Nobody, however hungry, does eat with both his hands »; *op. cit.*

কাটিল ঘাঅত লেম্বুরস দেহ কত।

« How much lemon juice would you apply to a wound ? »; *op. cit.*

[তোহ্মে রাখোআল জনে] কড়াচারী কড়ি ধনে
[আপনাক জানহ ঈশরে।]

« [You the cowherd folk] play the master with a

farthing ; [you think yourselves to be lords !] ; *op. cit.*

কার পান চুন নাহিঁ খাওঁ ।
[কাহারো পাস নাহিঁ জাওঁ ।।]

« I never take even a betel leaf or a bit of lime (to eat it with) from anybody : [I go to nobody to pay a visit] » ; *op. cit.*

পরধন দেখিলেঁ কি পাএ ভিখারী ।

« If a beggar sees other's wealth, does he get it ? » ; *op. cit.*

ভাতের ভোখ কাহ্নাঞি ফলেঁ না পালাএ ।

« The longing for a taste of boiled rice is never satisfied with eating fruits, O Kāhñāi » ; *op. cit.*

দেখিয়াঁ সাধুর ধন চোর পড়ী মরে ।

« A thief, on seeing honest man's treasures, hankers after it » ; *op. cit.*

পাত পাতিআঁ কেহ্নে নাহিঁ দেহ ভাত ।

« Why do you not serve meal after arranging the plates ? » *op. cit.*, p. 213.

বন পোড়ে আগ বড়ায়ি জগজনে জানী ।
মোর মন পোড়ে যেন কুম্ভারের পনী ।।

Op. cit., See *supra*, p. 72.

[আম্মাকে বল কৈলেঁ তোর নাহিঁ কিছু ফল ।]
মাকড়ের হাতে যেহ্ন ঝুনা নারীকল ।

« [Nothing would avail if you assault me] ; it would be same thing as a dry cocoanut in the hands of a monkey » ; *op. cit.*

লাজে সে হারায়ি কাজে ।

« Coyness is a bar to success » ; *op. cit.*

লোভ হয়িলেঁ কাহ্নাঞি আরতী না করী ।
গোপত কাজত কাহ্নাঞি ছয় আখি বারী ।।

« If there be a desire for something one should not hanker after it ; in secrecy six eyes are enemies » ; *op. cit.*

হাথ বাঢ়ায়িলেঁ কি চান্দের লাগ পাই ।

« Can one's arm reach the moon if stretched out it ? » *op. cit.*

ননদী বিষের কাঁটা বিষ-মাখা দেয় খোঁটা ॥

« (My) sister-in-law is like unto a poisonous thorn : her taunts smart like poisonous darts » [Caṇḍidāsa].

চোরের মা যেন পোয়ের লাগিয়া
ফুকরি কাঁদিতে নারে ।

« As if the mother of a thief cannot cry aloud for her son » ; *ibid.* *Cf.* চোরের রমণী যেন ফুকরিতে নারে, *infra.*

বাহিরে বাতাসে ফাঁদ পাতে ননদিনী ।

« Sister-in-law sets up a snare in the air outside » ; *ibid.* *Cf.* বাতাসে পাতিয়া ফাঁদ কোন্দল ভেজায় « She finds occasions for quarrel by setting up nooses in air » [Bhāratacandra].

কাকর অঙ্গনে কো পুন নাচ ।

« Somebody dances in another's courtyard » [Govindadāsa].

হাতক লছিমী চরণ পরে ডারনু

« I have thrown the luck of hand at the feet » ; *ibid.* *Cf.* হাতের লক্ষ্মী পায়ে ঠেলা ।

বরাকের দানী সোনায় সাধ ।

« Candidate for a farthing desiring for gold ! » [Jñānadāsa].

মাঝ পাথার জলে তৃণ হেন বাসি ।
উচিত কহিতে নাই এ পাড়া-পড়শী ॥

« I feel like a straw in the midst of a stream ; and there is no neighbour to speak the truth » ; *ibid.*

চোরের রমণী যেন ফুকরিতে নারে।

« As the wife of a thief cannot cry aloud » ; *ibid.*

জানিয়া তিন কোণের খড় দিনু ও সুখের মুখে
তবু আমার দুখের নাহি পার ॥

« Knowingly I have set fire to that pleasure with straws from the three gables ; yet there is no end to my sorrows » [Balarāmadāsa].

দেখা দিয়া যাইতে বন্ধু কিবা ধন লাগে।

« How much does it cost, my friend, to pay [me] a visit ? » . *ibid.*